

# পা থেকে ৮ কেজির টিউমার বাদ গেল জটিল অস্ত্রোপচারে

দুর্গাপ্রসাদ মুখোপাধ্যায় ■ বাঁকুড়া

ফের এক জটিল অস্ত্রোপচারে সাফল্য পেল বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতাল। রোগীর বাঁ পায়ে অস্ত্রোপচার করে এ বার আট কেজি ওজনের এক টিউমার বের করলেন চিকিৎসকেরা। স্বাভাবিক ভাবেই এই সাফল্যে বেজায় খুশি হাসপাতাল কর্তৃপক্ষ এবং রোগীর পরিবার— দুই পক্ষ।

বেলপাহাড়ির এক সাধারণ পরিবারের সদস্য, বছর ৪৫-এর লক্ষ্মণ হাঁসদার বাঁ পায়ে হাঁটুর ঠিক উপরে ছিল বিশাল মাপের টিউমার। ২০-২৫ বছর ধরে সেটিকে বহন করেছেন তিনি। কিন্তু ভয়ে অস্ত্রোপচারের পথে হাঁটেননি। সময়ের সঙ্গে সঙ্গে আয়তনে বেড়েছে ওই টিউমার। সম্প্রতি সেটি ফেটে যায়। এতে বিপত্তি বাড়ে। স্থানীয় চিকিৎসকদের দ্বারস্থ হলে কেউ কেউ তো স্টান পা কেটে বাদ দেওয়ার কথা বলেন। তাতে ভয় আরও বাড়ে লক্ষ্মণের।

সেই সঙ্গে পাল্লা দিয়ে বাড়ে যন্ত্রণা। হাঁটাচলা এক রকম বন্ধ হওয়ার জোগাড়। তার উপরে টিউমারের এক এক অংশ ফেটে কষ্ট ক্রমশ বাড়তে থাকে। এমন অবস্থায় বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালে যান লক্ষ্মণ। রোগীকে পরীক্ষা করে অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেন সার্জারি বিভাগের প্রধান উৎপল দে। গত ২ অক্টোবর হাসপাতালে ভর্তি হন লক্ষ্মণ। এরপর চলে নানা পরীক্ষা-নিরীক্ষা। পাশাপাশি লক্ষ্মণকে বুঝিয়ে অস্ত্রোপচারে রাজি করান চিকিৎসকেরা। গত বুধবার ঘণ্টাদুয়েকের জটিল অস্ত্রোপচার হয় তাঁর পায়ে। উৎপলের নেতৃত্বে অস্ত্রোপচারের দায়িত্বে ছিলেন চিকিৎসক

দেবজ্যোতি শাসমল, সৃজন বসু ও সুরত পাহাড়ি।

অভিজ্ঞ চিকিৎসক উৎপল জানান, পায়ে এত বড় টিউমারের ‘কেস’ এর আগে দেখেননি। তিনি বলেন, ‘অস্ত্রোপচারটা অবশ্যই জটিল ছিল। কিন্তু তা সফল ভাবে সম্পন্ন হয়েছে। রোগী এখন সুস্থ। এটা এক ধরনের ক্যান্সার। কিছু পরীক্ষার পরে বোঝা যাবে ঠিক কী ধরনের ক্যান্সার। তা ছাড়া অস্ত্রোপচারে রোগীর পায়ে একটা ক্ষত তৈরি হয়েছে। দিন কয়েক বাদে প্লাস্টিক সার্জারি করে সেই ক্ষত সারিয়ে ফেলা হবে।’

## বাঁকুড়া মেডিক্যাল



অপারেশনের আগে লক্ষ্মণ হাঁসদার

লক্ষ্মণ এখন সুস্থ। তাঁর কথায়, ‘ভীষণ কষ্ট পাচ্ছিলাম। কিন্তু ভয়ে অপারেশন করাচ্ছিলাম না। পা বাদ না দিয়েই যে টিউমার অপারেশন করা হল, এতে আমি আশ্বস্ত।’ বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালের অধ্যক্ষ পার্থপ্রতিম প্রধান বলেন, ‘সম্প্রতি বেশ কয়েকটি জটিল অস্ত্রোপচারে সাফল্য পেয়েছি আমরা। এটিও একটি জটিল অস্ত্রোপচার ছিল। সফল হতে পেরে আমরা খুশি।’

গত মাসেই বীরভূমের এক বাসিন্দা বৃহদস্ত্র প্রচুর টিউমার নিয়ে ওই হাসপাতালে যান। যার জেরে তাঁর পায়ু পর্যন্ত ক্ষতিগ্রস্ত হয়। ওই ব্যক্তির বৃহদস্ত্র ও পায়ু বাদ দিতে হয়। ক্ষুদ্রান্ত্রের অংশ দিয়ে রোগীর শরীরে পায়ু তৈরি করেন চিকিৎসকেরা। সেপ্টেম্বরে ঝাড়খণ্ডের এক ব্যক্তি অগ্ন্যাশয়ে ক্যান্সার নিয়ে হাসপাতালে যান। সফল অস্ত্রোপচারে তাঁর শরীর থেকেও বেশ কিছু অংশ বাদ দিয়ে সুস্থ করে তোলেন ডাক্তারবাবুরা। তার পরে লক্ষ্মণের পায়ের অপারেশন। বাঁকুড়া মেডিক্যাল কলেজে সফল অস্ত্রোপচারের তালিকায় যা নবতম সংযোজন।

আক্রান্ত নেতা: কালীপূজা উদ্বোধন করতে গিয়ে বৃহস্পতিবার আক্রান্ত হলেন কোচবিহারের মেখলিগঞ্জের তৃণমূল কংগ্রেস নেতা লক্ষ্মীকান্ত সরকার। তিনি জেলা তৃণমূলের সাধারণ সম্পাদকও। তেলিপাড়া আর্জি পার্টি শ্যামাপূজার উদ্বোধন করতে তিনি এ দিন চ্যাংড়াবান্দা বাস স্ট্যাণ্ডে গিয়েছিলেন। সেই সময় চ্যাংড়াবান্দা বাজারে দলের কর্মীদের মধ্যে বচসা বাধে। তার পরে আক্রান্ত হন লক্ষ্মীকান্ত। চিকিৎসার জন্য জলপাইগুড়ি নিয়ে যাওয়া হয় তাঁকে।

### NOTICE

TAKE NOTICE that original Deed dated 19.12.1956 duly registered with the office of the Sub- Registrar at Cossipore, Dum Dum and recorded in Book no 1, Volume no 131, Pages 186 to 189. Being no 9660 for the year 1956 executed between Ram Kissan Dobby and Menoka Rani Sarkar in connection with ALL THAT piece and parcel of land admeasuring 3 Cottahs 10 Chittacks together with structure standing thereon lying and situated at Mouza Nainan, premises no. 23, Nainan Musalman Para Lane, Kolkata 700036, Police Station Baranagar, under Baranagar Municipality has been misplaced from the custody of my client. In this connection, one General Diary Vide GDE no 2579/15 dated 30.10.2015 has been lodged with the Baranagar Police Station. If anybody finds the same or has any claim, objection in connection therewith such objection, claim may be lodged with the undersigned within 15 days from the date hereof and thereafter no claim, objection shall be entertained.

A. K. Chowdhary

Advocate,

10. Old Post Office Street,

Room No 21, 1st Floor, Kolkata - 700001

Phone - 22430723